গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি শাখা-০৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নম্বর-৫৭.০০.০০০০.০৫৩.২২.০০১.২১.৭২

তারিখ : ১৪ ফাল্গুন ১৪৩০
২৭ ফেব্রুয়ারি ২০২৪

## প্রজ্ঞাপন

এ বিভাগের ৩০ জ্যৈষ্ঠ ১৪২৮/১৩ জুন ২০২১ তারিখের প্রজ্ঞাপন নং ৫৭.০০.০০০০.০৫৩.৯৯.০০৫.২১.১৬৯ এবং ০২ মাঘ ১৪২৮/১৬ জানুয়ারি ২০২২ তারিখের প্রজ্ঞাপন নং ৫৭.০০.০০০০.০৫১.৯৯.০১৩.২০১৭.২৬ সমন্বিত করে (উল্লিখিত প্রজ্ঞাপনদ্বয় বাতিলপূর্বক) ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের মূল টেকনোলজি এবং মূল টেকনোলজির সাথে সামঞ্জস্যপূর্ণ ইমার্জিং টেকনোলজিসমূহে অধ্যয়নরত শিক্ষার্থীদের বর্তমান চাকরি বাজারের চাহিদার ভিত্তিতে দেশ-বিদেশে চাকরির আবেদনের আওতা সম্প্রসারিতকরণের তথা ভবিষ্যত কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে এবং সরকারি চাকরি প্রাপ্তি বিষয়ক বিদ্যমান সমস্যার সমাধানকল্পে বিভিন্ন পলিটেকনিক ইনস্টিটিউটের বিদ্যমান টেকনোলজিসমূহের নাম পরিবর্তনপূর্বক মূল টেকনোলজি এবং মূল টেকনোলজির সাথে সামঞ্জস্যপূর্ণ ইমার্জিং টেকনোলজিসমূহ সরকার নিম্নরূপভাবে পুনর্বিন্যাস করিলেন-

| ক্রমিক | মূল টেকনোলজি | মূল টেকনোলজির সাথে পুনর্বিন্যাসকৃত ইমার্জিং টেকনোলজিসমূহ |
|---|---|---|
| ০১ | সিভিল | সিভিল উড, কন্সট্রাকশন, এনভায়রনমেন্ট |
| ০২ | আর্কিটেকচার | আর্কিটেকচার এন্ড ইন্টেরিয়র ডিজাইন |
| ০৩ | ইলেকট্রিক্যাল | ইলেকট্রনিক্স, ইলেকট্রো-মেডিক্যাল, টেলিকমিউনিকেশন/ডাটা টেলিকমিউনিকেশন এন্ড কম্পিউটার নেটওয়ার্কিং, ইন্সট্রুমেনটেশন অ্যান্ড প্রসেস কন্ট্রোল |
| ০৪ | কম্পিউটার | কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি, ডাটা টেলিকমিউনিকেশন অ্যান্ড নেটওয়ার্কিং |
| ০৫ | মেকানিক্যাল | মেকাট্রনিক্স, পাওয়ার, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং, অটোমোবাইল, মাইনিং অ্যান্ড মাইন সার্ভে |
| ০৬ | কেমিক্যাল | ফুড |
| ০৭ | মেরিন | শিপবিল্ডিং |
| ০৮ | এয়ারক্রাফট মেইনটেন্যান্স | এয়ারক্রাফট মেইনটেন্যান্স (এরোস্পেস), এয়ারক্রাফট মেইনটেন্যান্স (এভিয়োনিক্স) |
| ০৯ | লেদার | লেদার প্রোডাক্ট অ্যান্ড এক্সেসরিজ, ফুটওয়্যার। |

**অনুসরণীয় কার্যক্রম-**

০১. মূল টেকনোলজির সাথে পুনর্বিন্যাসকৃত টেকনোলজির পঠিত বিষয়সমূহের কমপক্ষে ৬৫% মিল বা সমতা থাকিলে সমতুল্য সনদ প্রদান, অন্যথায় আগ্রহী শিক্ষার্থীদেরকে মেকআপ বিষয়/বিষয়সমূহে অধ্যয়নের সুযোগ প্রদান এবং পুনরায় মূল্যায়নপূর্বক সমতুল্য সনদায়নের ব্যবস্থা করিতে হইবে। এই ক্ষেত্রে বাস্তবতার নিরিখে যথাযথ পর্যালোচনাপূর্বক ইমার্জিং টেকনোলজির সকল বিষয়কে মূল টেকনোলজির সাথে সমন্বয় অথবা ২-৩ বছর একই বিষয়ে (Core Subjects) অধ্যয়ন শেষে শিক্ষার্থীগণ ইমার্জিং টেকনোলজির কোন বিষয়কে বিশেষ কোর্স (Specialized Course) হিসেবে গ্রহণ করিবে বা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড শিক্ষার্থীদের মেকআপ বিষয়ে বিশেষ কোর্স নির্ধারণ করিবে।

০২. ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি টেকনোলজিটি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সের অন্তর্ভুক্ত না করিয়া উক্ত বিষয়কে বিভিন্ন অকুপেশন/ ট্রেডভিত্তিক শর্ট কোর্সে রূপান্তরপূর্বক পরিচালনা করিত হইবে। ভবিষ্যতে ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি টেকনোলজিতে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা কোর্সটি বন্ধ থাকিবে, তবে বর্তমানে অধ্যয়নরত শিক্ষার্থীগণ এই কোর্সটি যথানিয়মে সম্পন্ন করিবেন।

০৩. গ্রাফিক আর্টস ইন্সটিটিউট, বাংলাদেশ গ্লাস অ্যান্ড সিরামিকস ইন্সটিটিউট ও বাংলাদেশ সার্ভে ইন্সটিটিউটের শিক্ষা কার্যক্রম মনোটেকনিক ইন্সটিটিউট হিসেবে পূর্বের ন্যায় অব্যাহত থাকিবে। মনোটেকনিক প্রতিষ্ঠানসমূহে স্থানীয় ও বৈদেশিক কর্মের চাহিদা

০৪.০৪.২০২৪

বিবেচনা করিয়া প্রয়োজনীয় সংখ্যক অকুপেশনভিত্তিক শর্ট কোর্স চালু করিতে হইবে। মনোটেকনিক ইন্সটিটিউটের শিক্ষার্থীদের উচ্চ শিক্ষা গ্রহণ বিষয়ে পুনঃপরীক্ষা/ পর্যালোচনাপূর্বক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবে।

০৪. সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর বা সংস্থা বা প্রতিষ্ঠান (রাষ্ট্রায়ত্ত/সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/বেসরকারি) নিজ নিজ নিয়োগবিধি-বিধানে প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করিবে।

০৫. জনস্বার্থে জারীকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

মহামান্য রাষ্ট্রপতির আদেশক্রমে,

০৪.০৪.২০২৪

(আনিসুল ইসলাম) (১৫০১৩)
উপসচিব
ফোন-(দপ্তর-ল্যান্ড) ০২-৫৫১০১১৩০ (দপ্তর-মুঠো) ০১৭১২১৮২১৫১
ই-মেইলঃ dstech3@tmed.gov.bd

স্মারক নম্বর-৫৭.০০.০০০০.০৫৩.২২.০০১.২১.৭২ তারিখ : ১৪ ফাল্গুন ১৪৩০/ ২৭ ফেব্রুয়ারি ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে না-ও হতে পারে) :

(১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
(২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
(৩) চেয়ারম্যান, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, আগারগাঁও, ঢাকা।
(৪) সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, আগারগাঁও, ঢাকা।
(৫) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
(৬) অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
(৭) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
(৮) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
(৯) মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
(১০) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী, নীলক্ষেত, ঢাকা।
(১১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
(১২-১৩) যুগ্মসচিব (কারিগরি অধিশাখা-১ ও ২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
(১৪) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
(১৫) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
(১৬) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি), ঢাকা।
(১৭) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(১৮) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(১৯) পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র (নেক্টার)।
(২০) পরিচালক (সকল), আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর
(২১) উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা [প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো]।
(২২) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(২৩) অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট (বিএমটিটিআই)।
(২৪) প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [প্রজ্ঞাপনটি এ বিভাগের তথ্য বাতায়ন (ওয়েবসাইট)-এ প্রকাশের জন্য অনুরোধ করা হলো]।
(২৫) দপ্তর নথি।